দৈনিক বাংলা

তারিখ 30 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

43

## শিক্ষার গুণগত মান বিধান করুন ঃ ডঃ চৌধুরী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ রফিকুল ইসলাম চৌধুরী বলেছেন, শিক্ষিতের সংখ্যার সঙ্গে গুণগত মানের সামঞ্জস্য বিধানই এখন প্রধান লক্ষ্য হওয়া উচিত।

জনাব আর আই চৌধুরী শিক্ষার গুণগত মান অনেক কমে গেছে উল্লেখ করে বলেন, এখন ৪টি ফার্স্টক্লাস পেয়েও বিদেশে উচ্চ শিক্ষা অর্জন করতে গিয়ে ভর্তি হতে পারেন না।

বিশিষ্ট শিক্ষাবিদ আবদুর রহমানের ১৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে জেলা পরিষদ মিলনায়তনে আবদুর রহমান স্মৃতি মজলিশ আয়োজিত স্মারক বক্তৃতা অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর আর আই চৌধুরী বলেন, আমরা উদ্দেশ্যহীন শিক্ষা ব্যবস্থার ঘানি টেনে চলেছি। দক্ষ জনশক্তি তৈরির উপযোগী শিক্ষা ব্যবস্থা আমাদের নেই। জনশক্তি পরিকল্পনা ও শিক্ষানীতির কোন সামঞ্জস্য নেই। দৈনিক আজাদী সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদের সভাপতিত্বে 'বাংলাদেশে শিক্ষা সংকট' শীর্ষক স্মারক বক্তৃতায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মোহাম্মদ মাহবুব উল্লাহ। আলোচনায় অংশ নেন প্রিন্সিপাল এ এ রেজাউল করিম, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ